রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৬, ২০১৪

## ৩য় খণ্ড

## প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১০ আশ্বিন ১৪২১/২৫ সেপ্টেম্বর ২০১৪

**নং ১ক-১/২০০৮/ডি-১/৩২৬**—বাংলাদেশ সেনাবাহিনীর ৪৪তম ডাইরেক্ট শর্ট সার্ভিস কমিশন (ডিএসএসসি) কোর্সের (জেনারেল লিস্ট) নিম্নবর্ণিত ট্রেইনি কর্মকর্তাকে (বর্তমানে কর্মকর্তা) তাঁর নামের পার্শ্বে বর্ণিত তারিখ থেকে সেকেন্ড লেফটেন্যান্ট পদে সরাসরি স্বল্পমেয়াদি কমিশন প্রদান করা হল :

| ক্রমিক নম্বর | ব্যক্তিগত নম্বর | পদবী | নাম | কোর/রেজিমেন্ট | কমিশনের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | বিএসপি-৮৮১৭ | সেকেন্ড লেফটেন্যান্ট | মোঃ এনায়েত হোসেন | পদাতিক | ১৫ জানুয়ারি ২০১৪ |

তারিখ, ১৬ আশ্বিন ১৪২১/০১ অক্টোবর ২০১৪

**নং প্রম/স্বেঃ অঃ/১৩/ডি-৭/৫৪৮**—বাংলাদেশ বিমান বাহিনীর উইং কমান্ডার মোহাম্মদ মনজুর ইলাহী (বিডি/৮৮১২), জিডি(পি)- কে বিমান বাহিনী অ্যাক্ট রুল-২০ অনুযায়ী স্বেচ্ছামূলক অবসর প্রদান করা হলো।

২। প্রচলিত বিধি অনুযায়ী তিনি প্রাপ্য সুবিধাদি পাবেন।

৩। তাঁর নিকট সরকারের কোন পাওনা থাকলে তা তাঁর পেনশনের অর্থ থেকে সমন্বয় করা হবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফিকুল আহম্মদ**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ আশ্বিন ১৪২১/৩০ সেপ্টেম্বর ২০১৪

**নং প্রম/৪এমই-২/পদোন্নতি/২০১২/ডি-১২/৩২৮**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর নিম্নবর্ণিত সহকারী প্রকৌশলী বি/আর-দ্বয়কে সহকারী নির্বাহী প্রকৌশলী বি/আর পদে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর টাকা ১১,০০০–২০,৩৭০/- (৯ম গ্রেড) বেতন স্কেলে পদোন্নতি প্রদান করা হল :

(১) মোঃ নূরুল আলম, ব্যক্তিগত নম্বর ৮০২১৫

(২) সুলতানা রাজিয়া, ব্যক্তিগত নম্বর ৮০২১৯

২। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ ৬ (ছয়) মাস শিক্ষানবিস হিসাবে কর্মরত থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনে শিক্ষানবিসকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করতে পারবে। পদোন্নতিপ্রাপ্ত পদে চাকুরি স্থায়ীকরণের ক্ষেত্রে শিক্ষানবিসকালের চাকুরি সন্তোষজনক হতে হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি, এম, রফিকুল ইসলাম**
উপসচিব।

**[ একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হইবে ]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩১ ভাদ্র ১৪২১/১৫ সেপ্টেম্বর ২০১৪

**নং ১দূ-৩/৯৭/ডি-১৪/অংশ-১/২৩৬**—পুনরাদেশ না দেওয়া পর্যন্ত ভারতে নতুন দিল্লীতে অবস্থিত বাংলাদেশ হাইকমিশনের সহকারী প্রতিরক্ষা উপদেষ্টা বিএ-৩৪৮১ লেঃ কর্ণেল মোঃ ফখরুল আহসান, পিএসসি- কে চাকরির আবশ্যকতার কারণে স্বদেশে প্রত্যাবর্তন এবং তাঁর স্থলে বিএ-৪৬৩৪ লেঃ কর্ণেল মোহাম্মদ আকসার খান, পিএসসি-কে সহকারী প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হল :

(ক) তিনি উক্ত পদে নিয়োজিত থাকাকালীন কাউন্সেলর-এর কূটনৈতিক মর্যাদা প্রাপ্য হবেন;

(খ) তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, যাতায়াত ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, ব্যক্তিগত মালামাল পরিবহন এবং আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন;

(গ) এ নিয়োগ/প্রত্যাবর্তন সংক্রান্ত ব্যয় ডিজিএফআই-এর ২০১৪–২০১৫ অর্থ বৎসরের বাজেটের "প্রতিষ্ঠান রোড-১৯৩৫ আন্তঃ বাহিনীসমূহ পরিচালনা কোড-০০৯০ প্রতিরক্ষা অ্যাটাচী খাত" থেকে নির্বাহ হবে;

(ঘ) সহকারী প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকাকালে তাঁর চাকরি বাংলাদেশ সেনাবাহিনীতে বহাল থাকবে;

(ঙ) কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনরূপ অগ্রিম অর্থ গ্রহণ করা হলে তা ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে।

(চ) বিএ-৪৬৩৪ লেঃ কর্ণেল মোহাম্মদ আকসার খান পরিবারসহ (স্ত্রী মিসেস সোমাইয়া রহমান, পুত্র মোহাম্মদ সালমান ফারসী খান ও মোহাম্মদ সাফওয়ান হাবিব খান এবং গৃহপরিচারিকা শাহানা বেগম) নতুন দিল্লী গমন করতে পারবেন।

(ছ) গৃহপরিচারক/গৃহপরিচারিকা সঙ্গে নেয়ার ব্যাপারে সংশ্লিষ্ট প্রচলিত বিধি-বিধানও প্রযোজ্য হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহিদুল ইসলাম**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ আশ্বিন ১৪২১/৩০ সেপ্টেম্বর ২০১৪

**নং ১দূ-১২/৯৬/ডি-১৪/অংশ/২৫৮**—পুনরাদেশ না দেওয়া পর্যন্ত মায়ানমারের ইয়াংগুনে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা উপদেষ্টা বিএ-২৭৩০ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাহবুবুল হক, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি- কে একইসঙ্গে অনাবাসিক ভিত্তিতে থাইল্যান্ডে বাংলাদেশের প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হল :

(ক) প্রতিরক্ষা উপদেষ্টা সস্ত্রীক বছরে এক/দু'বার সংশ্লিষ্ট দেশে ভ্রমণ করতে পারবেন;

(খ) প্রচলিত নিয়ম অনুযায়ী তিনি ভ্রমণ ব্যয় বাবদ বিমানভাড়া ও দৈনিক ভাতা প্রাপ্য হবেন;

(গ) এ ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সংশ্লিষ্ট অর্থ বৎসরের বাজেটের প্রতিষ্ঠান কোড-১৯৩৫, আন্তঃবাহিনীসমূহ পরিচালনা কোড নম্বর-০০৯০ প্রতিরক্ষা এ্যাটাচী খাত থেকে নির্বাহ হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহিদুল ইসলাম**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৪ আশ্বিন ১৪২১/২৯ সেপ্টেম্বর ২০১৪

**নং প্রম/সাঃস/চা-বর্ধিত/১৩/ডি-১৮/৩৯৭**—বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুসারে বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নবর্ণিত ২ (দুই) জন কর্মকর্তাকে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত তারিখ থেকে ১ (এক) বছর করে চাকুরির মেয়াদ বর্ধিত করা হলো :

| ক্রমিক নম্বর | আর্মি নম্বর, পদবী ও নাম | চাকুরির মেয়াদ বর্ধিতকরণের সময়সীমা |
|---|---|---|
| ক | বিএ-১০০৩৭৫ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাইফুল ইসলাম, এফসিপিএস | আগামী ২৯ অক্টোবর ২০১৪ তারিখ (অপরাহ্ন) থেকে ২৮ অক্টোবর ২০১৫ তারিখ (অপরাহ্ন) পর্যন্ত ১ (এক) বছর। |
| খ | বিএ-১০০৪৭৭ ব্রিগেডিয়ার জেনারেল মইনুল হক চৌধুরী, এফসিপিএস | আগামী ৩০ জানুয়ারি ২০১৫ তারিখ (অপরাহ্ন) থেকে ২৯ জানুয়ারি ২০১৬ তারিখ (অপরাহ্ন) পর্যন্ত ১ (এক) বছর। |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

তারিখ, ১৬ আশ্বিন ১৪২১/০১ অক্টোবর ২০১৪

**নং প্রম/প্রক/প-৪/০৬/ডি-১৮/৪০২**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত উপ-সহকারী পরিচালকের ২ (দুই) টি স্থায়ী এবং ১ (এক) টি অস্থায়ী শূন্য পদে উক্ত মহাপরিদপ্তরের সিকিউরিটি ইন্সপেক্টর পদে নিয়োজিত নিম্নবর্ণিত ৩ (তিন) জন কর্মচারীকে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত পদ এবং বেতনস্কেলে নির্দেশক্রমে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নম্বর | নাম ও বর্তমান পদবী | পদোন্নতিপ্রাপ্ত পদনাম | পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন স্কেল ও গ্রেড<br>(জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী) |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ ইউসুফ আলী সরদার<br>সিকিউরিটি ইন্সপেক্টর<br>পিই-২০২৯ | উপ-সহকারী পরিচালক<br>(স্থায়ী পদ) | টাকা ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০/-<br>ও<br>দশম গ্রেড |
| ২ | জনাব মোঃ ঈশা<br>সিকিউরিটি ইন্সপেক্টর<br>পিই-২০৩০ | উপ-সহকারী পরিচালক<br>(স্থায়ী পদ) | টাকা ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০/-<br>ও<br>দশম গ্রেড |
| ৩ | জনাব মোঃ আবদুল আজিজ খান<br>সিকিউরিটি ইন্সপেক্টর<br>পিই-২০৩১ | উপ-সহকারী পরিচালক<br>(অস্থায়ী পদ) | টাকা ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০/-<br>ও<br>দশম গ্রেড |

২। The Civilian Personnel in the Directorate General of Forces Intelligence (Intelligence and Security) Recruitment Rules, 1984-এর ৬(১)(বি) বিধি অনুযায়ী উল্লিখিত কর্মকর্তাগণ যোগদানের তারিখ থেকে ১ (এক) বছর শিক্ষানবিস হিসাবে থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিসকাল অনধিক ২ (দুই) বছর বৃদ্ধি করতে পারবেন।

৩। শিক্ষানবিসকালে তাঁদের আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁদের পূর্বতন পদে পদাবনতি (Revert) করতে পারবেন।

৪। সন্তোষজনকভাবে শিক্ষানবিস মেয়াদপূর্তি এবং উল্লিখিত নিয়োগ বিধিমালার ৬ নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁদের চাকুরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে।

৫। এ আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

**নং প্রম/প্রপ্রকক/স্বাঃ-অঃ/২০১৪/ডি-১৮/৪০৩**—প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের উপ-পরিচালক জনাব মোঃ শহিদুল্লাহ (পরিচিতি নম্বর ০৫৩)-এর এসএসসি সনদপত্র অনুযায়ী জন্মতারিখ ৩১ ডিসেম্বর ১৯৫৫। প্রচলিত নিয়ম অনুযায়ী ৩০ ডিসেম্বর ২০১৪ তারিখে তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে।

২। ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালা অনুযায়ী উক্ত কর্মকর্তা ০১ বছর ০৬ মাস ২০ দিন গড়বেতনে ও ০২ বছর ০৩ মাস ০২ দিন অর্ধ গড় বেতনে ছুটি প্রাপ্য হয়েছেন। তাঁর প্রাপ্য অর্ধ গড় বেতনের ছুটিকে গড় বেতনের ছুটিতে রূপান্তর করলে (০১ বছর ০৬ মাস ২০ দিন + ০১ বছর ১-১/২ মাস ০১ দিন) মোট ০২ (দুই) বছর ০৮ (আট) মাস ৬ (ছয়) দিন গড় বেতনে তাঁর অনুকূলে অবসরোত্তর ছুটি প্রাপ্য রয়েছে।

৩। এ অবস্থায় The Public Servants (Retirement) (Amendment) Act, 2010-এর অনুচ্ছেদ-৩ এবং 'Public Servants (Retirement) (Amendment) Ordinance, 2011' এর অনুচ্ছেদ-২ অনুসারে উক্ত কর্মকর্তাকে ৩০ ডিসেম্বর ২০১৪ তারিখ থেকে অবসর প্রদান করা হলো এবং ৩১ ডিসেম্বর ২০১৪ থেকে ৩০ ডিসেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত মোট ১ (এক) বছর গড়বেতনে অবসরোত্তর ছুটি (PRL) মঞ্জুরসহ অনধিক ১২ (বার) মাসের সর্বশেষ আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন (থোক) পরিশোধের জন্য মঞ্জুরী প্রদান করা হলো।

৪। তিনি প্রচলিত বিধি অনুযায়ী অবসর সংক্রান্ত সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ, ১৭ আশ্বিন ১৪২১/০২ অক্টোবর ২০১৪

**নং প্রম/প্রক/ধ-নি/০২/ডি-১৮/৪০৪**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত ধর্মীয় শিক্ষকের ০১ (এক) টি শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিম্নোক্ত ১ (এক) জন-কে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক | রোল নম্বর | প্রার্থীর নাম এবং প্রার্থীর পিতা ও মাতার নাম | নিজ জেলা |
|---|---|---|---|
| ১ | ৫৪ | জনাব মুহাম্মদ আব্দুল বারী<br>পিতা জনাব মুহাম্মদ আব্দুল খালেক হাওলাদার<br>মাতা মিসেস আছিয়া বেগম | ঝালকাঠী |

২। জেএসআই ০৫/২০১০ অনুযায়ী ৭১৫০-৪৫০×৭-১০৩০০-৪৮০×১১-১৫৫৮০/- টাকার বেতন স্কেলে তিনি মূল বেতন প্রাপ্ত হবেন। জেএসআই ৬/২০১০ অনুযায়ী প্রযোজ্য সরকারি নীতিমালার আলোকে তিনি অন্যান্য ভাতা/সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। চাকুরিতে যোগদানের তারিখ থেকে তিনি ২ (দুই) বছর শিক্ষানবিস থাকবেন। শিক্ষানবিসকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকুরির রেকর্ডের ভিত্তিতে প্রয়োজনীয় শর্তাদি পূরণসাপেক্ষে তাঁর চাকুরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে। প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকালের সময়সীমা আরও ২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে।

৪। শিক্ষানবিসকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা নিয়োগকৃত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকুরির অবসান (Terminate) ঘটাতে পারবে।

৫। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে শিক্ষানবিসকালে অথবা চাকুরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোন সময়ে নিয়োগ বাতিল করতে পারবে।

৬। এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারি প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে।

৭। তিনি যদি কখনও চাকুরিতে ইস্তফা দিতে চান তবে যে তারিখে ইস্তফা দেবেন সে তারিখের ৩০ (ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে অথবা তাঁর ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি খাতে যথাযথভাবে জমা দিতে বাধ্য থাকবেন।

৮। আগামী ২০ অক্টোবর ২০১৪ তারিখের মধ্যে অফিস সময়ে তাঁকে প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ১৯৮, ঢাকা সেনানিবাস, ঢাকায় যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ে চাকুরিত যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৯। চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

১০। এ আদেশ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত ধর্মীয় শিক্ষক পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।